

মাস্তানি করলে 'সাইজ' করে দেওয়া হবে : আনিসুল হক

কালের কণ্ঠ অনলাইন ৯ ডিসেম্বর, ২০১৫ ১৬:৫৪ | পড়া যাবে ২ মিনিটে

প্রিন্ট



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, আমি জনগণের প্রতিনিধি। জনগণ আমাকে দায়িত্ব দিয়েছে। দায়িত্বশীল হিসেবে আমি দায়িত্বে অবহেলা পছন্দ করি না। মান্তানি করেছিল তাই ১৬৯ কর্মকর্তা কর্মচারীকে বদলি করে দেওয়া হয়েছে। যেই মান্তানি করবে তাকেই সাইজ করে দেওয়া হবে। কথাগুলো বলেন।

রাজধানীর মোহাম্মদপুরস্থ সূচনা কমিউনিটি সেন্টারে আয়োজিত এক মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। 'সার্বিক আইনশৃঙ্খলা রক্ষা, জনগণের চলাচলে ফুটপাথ দখলমুক্তকরণ, মাদক-সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূলে জনগণের ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার লক্ষ্যে' সিটি কর্পোরেশনের সহযোগিতায় এ মত বিনিময়ের আয়োজন করা হয়। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, স্থানীয় সংসদ সদস্য আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক, আওয়ামীলীগের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক লে: কর্ণেল(অব:) মো. ফারুক খান, ডিএমপি'র তেজগাঁও বিভাগের এডিসি ওয়াহেদুল ইসলাম, এডিসি (ট্রাফিক) সাইফুল হক, শেরে বাংলা নগর থানা, আদাবর ও মোহাম্মদপুর থানার ওসি, স্থানীয় কাউন্সিল ও নেতৃস্থানীয় ব্যক্তির উপস্থিতি ছিলেন।

মেয়র আনিসুল হক বলেন, চাইলেই কিন্তু আমি পারি রাজধানীর ফুটপাথ দখল মুক্ত করতে। কিন্তু ছুটহাট করে তা করতে চাই না। কারণ এই ফুটপাথ দখলের পেছনে যেমন প্রভাবশালীতের হাত রয়েছে তেমনি খেটে খাওয়া ও ক্ষুদ্র ব্যবসায়ীদেরও আয় রোজগারের পথ এখানে। তাই আন্তে ধীরে ফুটপাথ দখল মুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

মেয়র বলেন, আমরা ঢাকার সৌন্দর্য বাড়াতে চাই। এজন্য পরিকল্পনামাফিক কাজও চলছে। রাজধানীর ৫৬টি ফুট ওভার ব্রিজকে ফুল দিয়ে সাজানো হবে। ৫ দশমিক ৬ কি.মি রাস্তার দেয়ালে নকসা লাগানো হয়েছে। আগামী জুনের মধ্যে এ কার্যক্রম শেষ করা হবে।

আনিসুল হক বলেন, আগামী বছরের শেষের আগেই আমরা পুরো ঢাকাকে আলোকিত দেখতে চাই। রাতের ঢাকা যেন দিনের মতোই আলোকিত দেখা যায় সেজন্য পুরো রাজধানীকে এলইডি লাইটের আওতায় নিয়ে আসা হচ্ছে।